JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 এর রাজ্যের ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করলেন

ঐতিহাসিক স্থানের রাষ্ট্রীয় ও জাতীয় রেজিস্টারের জন্য মনোনীত 12টি অতিরিক্ত স্থান

পুরস্কার ও মনোনয়ন, আফ্রিকান-আমেরিকান ইতিহাস, ডাচ স্থাপত্য, সিভিল রাইটস যুগ ও গ্যাসলাইট যুগ সংরক্ষণ করে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে, ডাচ ঔপনিবেশিক বসতি থেকে শুরু করে সিভিল রাইটস পর্ব পর্যন্ত, রাজ্যের ইতিহাস সংরক্ষণের দশটি প্রকল্প, 2019 রাজ্যের ঐতিহাসিক সংরক্ষণ পুরষ্কার পেয়েছে। রাজ্যের প্রায় এক ডজন ঐতিহাসিক স্থান, ঐতিহাসিক স্থানের রাজ্য ও জাতীয় নিবন্ধনের জন্য মনোনীত ছিল, যা পুনর্বাসন প্রকল্পে মালিকদের অনুদান এবং ট্যাক্স ক্রেডিট প্রদান করতে পারে।

"নিউ ইয়র্ক কয়েক শতাব্দী ধরে এমন একটি রাজ্যে রূপান্তরিত হয়েছে যা তার বৈচিত্র্যময় ইতিহাস দ্বারা সংজ্ঞায়িত, এবং সেই ইতিহাস দেখার জন্য আমাদের অনন্য স্থাপত্য এবং স্থানের চেয়ে ভাল কোন উপায় নেই," **গভর্নর কুওমো বলেন।** "এই ঐতিহাসিক পুরস্কার এবং মনোনয়ন ভবিষ্যতে অগণিত নিউ ইয়র্কবাসীদের জীবন ও গল্প গর্বের সাথে সংরক্ষণ করবে।"

1980 সালে তৈরি, রাজ্যের ঐতিহাসিক সংরক্ষণ পুরষ্কার প্রতি বছর পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) দ্বারা ভূষিত করা হয় ঐতিহাসিক এবং সাংস্কৃতিক সম্পদ রক্ষা এবং ক্ষেত্র উৎকর্ষ সম্মানিত করতে। গভর্নর এছাড়াও 2013 সালে আইন সাক্ষর করলেন, রাজ্যের পুনর্বাসন ট্যাক্স ক্রেডিটের ব্যবহার সমর্থং করতে, যার ফলে বহু বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ হয়েছে ঐতিহাসিক বাণিজ্যিক সম্পত্তিতে এবং বহু মিলিয়ন মার্কিন ডলার মালিক-অধিকৃত ঐতিহাসিক বাড়িতে।

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "ঐতিহাসিক সংরক্ষণ আমাদের শহর, নগর এবং এলাকায় পুনঃবিনিয়োগ এবং ক্ষেত্র-বৃদ্ধিতে উৎসাহিত করতে সাহায্য করে। এই বছরের পুরষ্কার এই অসামান্য প্রতিশ্রুতিগুলি, কঠোর পরিশ্রম এবং শক্তিশালী অংশীদারিত্ব প্রদর্শন করে, যা সংরক্ষণকে সমাজ নবায়ন, অর্থনৈতিক উন্নয়ন এবং নিউ ইয়র্কে চাকরির বৃদ্ধির জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার করে তুলেছে।"

<u>2019 রাজ্য ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার</u>

এই বছরের 2019 রাজ্য ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার প্রাপক হল:

দ্য টিডাব্লুএ(TWA) হোটেল, জেএফকে এয়ারপোর্ট (নিউ ইয়র্ক শহর)
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে উৎকর্ষতা

ট্রান্স ওয়ার্ল্ড এয়ারলাইন্স টার্মিনাল, 1962 সালে যার ডিজাইন করেছিলেন বিখ্যাত স্থপতি এরো সারিনেন এবং জনসাধারণের জন্য যা 2001 সালে বন্ধ করে দেওয়া হয়েছিল, সেটিকে আধুনিক 512-কক্ষের একটি হোটেলে রূপান্তরিত করেছে টিডাব্লুএ(TWA) হোটেল, যাতার আধুনিক নকশা সংরক্ষণ করবে। এই হোটেলে 50,000 বর্গফুটের অনুষ্ঠানের স্থান রয়েছে, একটি 10,000 বর্গফুটের পর্যবেক্ষণ ডেক এবং পুল, এবং একটি 10,000 বর্গফুটের শরীর চর্চার স্থান রয়েছে। 2019 মে-তে খুলছে, এই প্রকল্পে একটি লকহিড কন্সটেলেশন অন্তর্ভুক্ত করা হয়েছে L1649A "স্টারলাইনার" বিমান-একটি পোস্ট- WWII প্যাসেঞ্জার বিমান পরিষেবা এবং বিশ্বের অবশিষ্ট মাত্র চারটির একটি ককটেল লাউঞ্জ।

মার্শাল বাইস হাউজ (Marshall Bice House), স্কোহেরি গ্রাম (মোহাক ভ্যালি)
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে উৎকর্ষতা

হারিকেন আইরিনের সময় প্লাবিত উনিশ শতকের ইটালিয়ানেট ধাঁচের অট্টালিকা নতুন করে মডেল করা হয়েছে বন্যার প্রতি আরো স্থিতিস্থাপক করার জন্য। একই সঙ্গে এটি ঐতিহাসিক সংরক্ষণ কর ক্রেডিট ব্যবহারের মাধ্যমে বাণিজ্যিক স্থান ও অ্যাপার্টমেন্ট হিসেবেও পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। অবহেলায় অনেক বছর থাকার পর 2017 সালে এটি জাতীয় রেজিস্টারে (National Register) স্থাপন করা হয়।

কোয়েম্যান স্টোন হাউজ (Coeymans Stone House), কোয়েমান গ্রাম (ক্যাপিটাল অঞ্চল)
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে উৎকর্ষতা

প্রায় পাঁচ দশক ধরে ঐতিহাসিক ভাবে সঠিক কাজ করার পর আনুমানিক 1700 সালের এই ডাচ ব্যারোনিয়াল কাছারি বাড়িটি পুনরুদ্ধার এবং পুনর্নির্মিত হয়েছে। এর মধ্যে রয়েছে ঐতিহ্যবাহী কাঠের ফ্রেমিং, জ্যাম্ববিহীন ফায়ারপ্লেস, ফ্লেমিশ বন্ড মেসনারি এবং বাড়ির মূল "ওয়াটল ও ডাউব" দেয়াল সংরক্ষণ।

লিবারট্যাড (সাবেক জোন্স কোর্ট পাবলিক হাউজিং), এলমিরা (সাউদার্ন টায়ার)
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে উৎকর্ষতা

এই 1953 সালের নিম্ন আয়ের অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সটি সাশ্রয়ী মূল্যের হাউজিং 91টি অ্যাপার্টমেন্ট হিসেবে পুনর্বাসিত করা হয়েছে, যার মধ্যে গৃহহীন ভেটেরানদের জন্য নির্ধারিত 20টি ইউনিট।

সাবেক জোন্স কোর্ট পাবলিক হাউজিং এর নামকরণ করা হয়েছিলজন ডব্লিউ জোন্স নামে একজন প্রাক্তন ক্রীতদাসের নামে যিনি এলমীরা-তে বসতি স্থাপন করেন এবং অন্যদের ভূগর্ভস্থ রেলপথের মাধ্যমে পালাতে সাহায্য করেন। ক্ষয়প্রাপ্ত সম্পত্তিটি দুই দশক ধরে ফাঁকা পড়েছিল।

ইনিস্ফ্রি, মিলব্রুক (হাডসন ভ্যালি)
ঐতিহাসিক নথিবদ্ধতায় উৎকর্ষতা

ইনিস্ফ্রি একটি জাতীয়ভাবে উল্লেখযোগ্য, গ্রামীণ ডাচেস কাউন্টির 150 একর আয়তনের পাবলিক গার্ডেন যা মাস্টার ল্যান্ডস্কেপ স্থপতি লেস্টার কলিন্সের দর্শনের প্রতিফলন ঘটায়, যিনি ছয় দশক ধরে 1993 সালে মৃত্যুর পূর্ব পর্যন্ত সম্পত্তিটির আকৃতি প্রদান করেন। আমেরিকার সব চেয়ে বড় অক্ষত, আধুনিক পরিকল্পিত ল্যান্ডস্কেপের একটি হিসেবে, ইনিস্ফ্রি জাপানি, চীনা, আধুনিক এবং পরিবেশগত নকশার নীতির সংমিশ্রণ প্রতিফলিত করে। 1930 এর দশকে ওয়াল্টার এবং মারিওন বেক দ্বারা গড়ে ওঠা একটি বেসরকারী উদ্যান হিসেবে ইনিস্ফ্রি শুরু করা হয় এবং ঐতিহাসিক স্থানের রাষ্ট্রীয় ও জাতীয় রেজিস্টারে (State and National Registers of Historic Places) এই বছর তালিকাভুক্ত করা হয়।

কালার্ড মিউজিসিয়ান্স ক্লাব (Colored Musicians Club), বাফেলো শহর (পশ্চিম নিউ ইয়র্ক)
ঐতিহাসিক নথিবদ্ধতায় উৎকর্ষতা

1917 সালে গঠিত, কালার্ড মিউজিশিয়ান্স ক্লাব দেশের প্রাচীনতম অনবরত পরিচালিত আফ্রিকান-আমেরিকান সঙ্গীতশিল্পীদের একটি ক্লাব এবং একটি অফিস বাফেলো লোকাল 533 এর জন্য, যা একটি প্রাথমিক আফ্রিকান-আমেরিকান সঙ্গীতকারদের ইউনিয়ন। এই সংগঠনগুলো বাফেলোর সঙ্গীতসমাজে বর্ণবাদ ও পৃথকীকরণ প্রতি প্রতিক্রিয়ার অংশ ছিল। কালার্ড মিউজিশিয়ান্স ক্লাব উল্লেখযোগ্য শিল্পীদের পরিবেশনার স্থান ছিল যেমন ডিউক এলিংটন, এলা ফিটজেরাল্ড, লুই আর্মস্ট্রং, ন্যাট "কিং" কোল, মাইলস ডেভিস ও ক্যাব ক্যালওয়ে।

জেমস এইচ. জনসন ঐতিহাসিক রিসোর্স সার্ভের (James H. Johnson Historic Resources Survey) (ফিঙ্গার হ্রদ) স্থাপত্য
ঐতিহাসিক নথিবদ্ধতায় উৎকর্ষতা

এই জরিপ ম্যাঞ্চেস্টার স্থপতি জেমস এইচ. জনসনের ক্যারিয়ার ও তার ভবনগুলির সাক্ষ্য, তিনি 2016 সালে তার মৃত্যুর আগে পর্যন্ত এই এলাকায় কাজ করেন 1957 সাল থেকে। তিনি অনেক স্বাতন্ত্র্যতাপূর্ণ সরকারি, ব্যক্তিগত, এবং ধর্মীয় ভবন, যা মুক্ত-বহমান, কার্ভিলিনিয়ার আকৃতি অনুযায়ী তৈরি এবং পরে আরো জ্যামিতির বৈচিত্র-ভিত্তিক স্থাপত্য ডিজাইন করেছেন।

নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority) সঙ্গে প্রোগ্রাম্যাটিক এগ্রিমেন্ট
ঐতিহাসিক সংরক্ষণ ও পরিবেশগত পরামর্শে উৎকর্ষতা

নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি রাষ্ট্রীয় পার্কসের (State Parks) সাথে জাতীয় ঐতিহাসিক সংরক্ষণ আইন (National Historic Preservation Act) পর্যালোচনার জন্য একটি মসৃণ প্রক্রিয়া তৈরি করতে সহযোগিতা করেছে। ঐতিহাসিক স্থানের রাজ্য ও জাতীয় রেজিস্টারের তিন ডজনেরও বেশি শহরের আবাসন প্রকল্পে কাজ করেছে আবাসন কর্তৃপক্ষ।

ওয়াইয়োমিং গ্রাম গ্যাস লাইট রেস্টোরেশন (ফিঙ্গার লেকস)
ঐতিহাসিক সংরক্ষণ পরিবেশগত পরামর্শে উৎকর্ষতা

ওয়াইয়োমিং-এর ছোট গ্রাম, যা উনিশ শতকের শেষ থেকে তার মূল প্রাকৃতিক গ্যাসের রাস্তার আলোগুলি ব্যবহার করেছে, আধুনিক গ্যাস স্ট্রিলাইট দিয়ে এই ঐতিহ্যকে একুশ শতকে নিয়ে যাবে। সাধারণভাবে "গ্যাসলাইট ভিলেজ" নামে পরিচিত এই গ্রামটি, এমন একটি যুগের টিকে থাকা উদাহরণ যখন রাস্তাঘাট গ্যাস লাইটের দ্বারা আলোকিত করা হত। প্রতিস্থাপনের প্রকল্পটি রাষ্ট্রীয় উদ্যান অনুদান দ্বারা সমর্থিত হয়েছিল।

স্যাগ হার্বর হিলস, আজুরেস্ট ও নিনেভা স্টিয়ারিং কমিটি (লং আইল্যান্ড) (Sag Harbor Hills, Azurest & Ninevah Steering Committee)
ঐতিহাসিক সংরক্ষণ সাংগঠনিক অর্জনে উৎকর্ষতা

কমিউনিটি ভলান্টিয়ার্স প্রায় চার বছর ধরে কাজ করে স্যাগ হার্বর হিলস, আজুরেস্ট এবং নিনেভা সাবডিভিশনগুলি ঐতিহাসিক স্থানের রাষ্ট্রীয় ও জাতীয় রেজিস্টারের 2019 এর তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য। এই এলাকাটি ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ একটি গ্রীষ্মকালীন কমিউনিটি হিসেবে যা আফ্রিকান-আমেরিকান পেশাদার এবং তাদের পরিবারের জন্য তৈরি। এই জেলাটি অবস্থিত স্যাগ হার্বর, সাফোক কাউন্টিতে।

<u>ঐতিহাসিক স্থানের রাষ্ট্রীয় ও জাতীয় রেজিস্টারের নমিনিসমূহ</u>

ঐতিহাসিক স্থানের রাষ্ট্রীয় ও জাতীয় রেজিস্টারের এই বছরের নমিনেশনগুলির মধ্যে রয়েছে:

স্যানফোর্ড ডব্লিউ. আর মড স্মিথ হাউজ (Sanford W. and Maude Smith House), চ্যাথাম (ক্যাপিটাল অঞ্চল)

আনুমানিক 1875 সালে তৈরি এবং ব্যাপকভাবে 1906 সালে রিমডেল করা এই বাড়িটি ছিল স্যানফোর্ড ডব্লিউ. স্মিথের বাড়ি, যিনি রাজ্য সেনেটর, ডেপুটি অ্যাটর্নি জেনারেল এবং স্টেট কোর্ট অফ ক্লেমসের বিচারক এবং রাজ্য সুপ্রিম কোর্টের বিচারক ছিলেন।

এজরা এ. হান্টিংটন হাউজ (Ezra A. Huntington House), আউবার্ন (কেন্দ্রীয় অঞ্চল)

প্রভাবশালী 19শো শতাব্দীর ধর্মীয়গুরু এজরা এ. হান্টিংটন ছিলেন আউবার্ন থিওলজিকাল সেমিনারির একজন গুরুত্বপূর্ণ নেতা। তার 1861 সালের বাসস্থান একটি বিরল টিকে থাকা দৃষ্টান্ত সেই সেমিনারির যা এক শতাব্দীর বেশি সময় ধরে আউবার্ন এর একটি গুরুত্বপূর্ণ স্থান ছিল।

মেরিল-সাউলে নান সাচ মিন্সমিট ফ্যাক্টরি (Merrell-Soule None Such Mincemeat Factory), সাইরাকিউজ (সেন্ট্রাল অঞ্চল)

1904-এর সময়কারএই ফ্যাক্টরি কমপ্লেক্স বিংশ শতাব্দীর গোড়ার দিকের সাইরাকিউজের শিল্প বৈচিত্রতার একটি উদাহরণ। 1981 সাল পর্যন্ত এই কারখানায় অত্যন্ত জনপ্রিয় টিনজাত কিমা করা মাংসের পণ্য তৈরি করা হত।

ড্যানিয়েল ও মিনার্ভা ডিল্যান্ড হাউজ (Daniel and Minerva DeLand House), ফেয়ারপোর্ট (ফিঙ্গার লেক অঞ্চল)

মূলত 1856 সালে নির্মিত এবং 1867 সালে আপডেট করা, এই বাড়িটি ছিল ডিল্যান্ড পরিবারের পারিবারিক নিবাস যারা *স্যালেরেটাস*, বেকিং সোডা এবং বেকিং পাউডার তৈরি করতেন এমন একটি কারখানার মালিক, যা বাড়ির বেকিং-এ বিপ্লব নিয়ে আসে।

অ্যাকর্ড ঐতিহাসিক জেলা (Accord Historic District), অ্যাকর্ড (মধ্য-হাডসন অঞ্চল)

অ্যাকর্ড ঐতিহাসিক জেলা গড়ে ওঠে ডেলাওয়ের এবং হাডসন ক্যানাল জুড়ে যা 1828 সালে চালু করা হয় আমেরিকার সবচেয়ে প্রাচীন একটি খাল হিসেবে। এছাড়াও এটি একটি রেলরোড হাব হিসেবেও কাজ করে যখন 1902 সালে একটি লাইন খোলা হয় ক্যানাল বরাবর।

ব্রডওয়ে ঐতিহাসিক জেলা (Broadway Historic District, Monticello), মন্টিচেল্লো (মধ্য-হাডসন অঞ্চল)

সাউদার্ন ক্যাটস্কিলে সুলিভান কাউন্টির বাণিজ্যিক কেন্দ্র,মন্টিচেলো বিংশ শতাব্দীর প্রথমার্ধে ইহুদি নিউ ইয়র্কারের জন্য সামার রিসোর্ট অঞ্চল হিসেবে সমৃদ্ধিলাভ করে। এই অঞ্চলটি সাধারণভাবে ইহুদি ক্যাটস্কিল বা বোরশট বেল্ট নামে পরিচিত ছিল, তার বিস্তীর্ণ হোটেল, বোরডিংহাউস এবং কুটির কলোনির সম্ভারের জন্য যা ইহুদি নিউ ইয়র্কাররা উপভোগ করতেন।

কর্নারস্টোন ব্যাপটিস্ট চার্চ (Cornerstone Baptist Church) (সাবেক লুইস এভিনিউ কংরেগেসগনাল চার্চ), ব্রুকলিন (নিউইয়র্ক সিটি)

বেডফোর্ড-স্টুয়েভেস্যান্টে আবাসিক উন্নয়নের শিখরে, সান্ডে স্কুল এবং চার্চ স্থাপিত হয়েছিল যথাক্রমে 1889 ও 1893-তে। কর্নারস্টোন ব্যাপটিস্ট চার্চ ব্রুকলিনের অন্যতম গুরুত্বপূর্ণ আফ্রিকান-আমেরিকান সম্প্রদায়ের একটি ঐতিহাসিক বৈশিষ্ট্য ছিল।

জাতীয় সদর দপ্তর, মার্চ অন ওয়াশিংটন ফর জবস অ্যান্ড ফ্রিডম (March on Washington for Jobs and Freedom), 170 W. 130th St. (New York City)

এই 1884 সালে নির্মিত ভবনটি 1963 সালের মার্চ অন ওয়াশিংটন ফর জবস অ্যান্ড ফ্রিডমের পরিকল্পনার সদর দপ্তর ছিল যা প্রায় এক মিলিয়নের এক-চতুর্থাংশ মানুষকে আকিক্রষ্ট করে। 1963 সালের মার্চ অন ওয়াশিংটন ফর জবস অ্যান্ড ফ্রিডম তখন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সব চেয়ে বড় নাগরিক অধিকার বিক্ষোভ ছিল যখন এটি সংঘটিত হয়।

উত্তর গিফোর্ড কবরখানা (North Guilford Cemetery), উত্তর গিফোর্ড (সাউদার্ন টিয়ার)

এই এক একর কবরস্থানে চারজন রিভলিউশনারি যুদ্ধের ভেটেরান্দের কবর আছে, পাঁচজন সিভিল ওয়ারের এবং 1812-এর যুদ্ধের একজন ভেটেরানের কবর আছে। এই কবরস্থানটির সংগ্রহের মধ্যে উল্লেখযোগ্য, 19তম শতাব্দীর এক ডজন কবরেরমার্কার যার মধ্যে রয়েছে ক্র্যান্ড্যাল স্কুল অফ কার্ভার্সের শিল্পকর্ম।

বাফেলো পাবলিক স্কুল #78 (PS 78), বাফেলো (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)

1928 সালে নির্মিত, এই সাবেক প্রাথমিক স্কুলটি বাফেলোতে কেনসিংটন-বেইলি এলাকায় দ্রুত জনসংখ্যা বৃদ্ধির উদাহরণ ছিল, যা 1920 সালে18,000 জন মানুষের থেকে বেড়ে 49,000 এ দাঁড়ায় 1930 সালে।

এম্পায়ার ওয়ার্স্টেড মিলস (Empire Worsted Mills), জেমসটাউন (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)

উনিশ শতকের শেষ ও বিশ শতকের গোড়ার দিকে এম্পায়ার ওয়ার্স্টেড মিলসে কয়েকশো মানুষ কাজ করতেন। 1955 সালে বন্ধ হয়ে যায় মিল।

ফরসাইথ-ওয়ারেন ফার্ম (Forsyth-Warren Farm), ক্যামব্রিয়া (ওয়েস্টার্ন নিউইয়র্ক)

এই সাবেক শুঁড়িখানা এবং খামারবাড়ি, 1808 সালে নির্মিত, পশ্চিম নিউ ইয়র্কে সবচেয়ে প্রাচীন টিকে থাকা ঐতিহাসিক সম্পদের মধ্যে পড়ে এবং সরাসরি হল্যান্ড ল্যান্ড কোম্পানির (Holland Land Company) সাথে যুক্ত উনিশ শতকের গোড়ার দিকে নায়াগ্রা কাউন্টি বসতি স্থাপন করার প্রচেষ্টার সাথে।

নিউ ইয়র্কের রাষ্ট্রীয় ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York's State Historic Preservation Office) হচ্ছে রাষ্ট্রীয় উদ্যানের একটি বিভাগ যা সমাজগুলিকে ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক ও সাংস্কৃতিক সম্পদকে চিহ্নিত, মূল্যায়ন, সংরক্ষণ এবং পুনরুজ্জীবিত করতে সাহায্য করে।

একবার রাজ্য ঐতিহাসিক সংরক্ষণ অফিসার দ্বারা সুপারিশগুলি অনুমোদিত হলে, সম্পত্তিগুলি ঐতিহাসিক স্থানের নিউ ইয়র্ক স্টেট রেজিস্টারে (New York State Register of Historic Places) তালিকাভুক্ত করা হয়। সম্পত্তিগুলি তারপর ন্যাশানাল রেজিস্তার অফ হিস্টোরিকাল প্ল্যাসেসে মনোনীত করা হয়, এবং অনুমোদিত হলে, জাতীয় রেজিস্টারে প্রবেশ করা হয়।

মনোনয়নপত্রের আরও তথ্য এবং ছবি অফিস অব পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন 250 টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, রিক্রিয়েশন ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা ভ্রমণের জন্য বছরে 74 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটে। এক সাম্প্রতিক গবেষণায় জানা গেছে নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) পার্ক এবং ভ্রমণকারীদের করা খরচ থেকে বার্ষিক 5 বিলিয়ন মার্কিন ডলার আয় করে যা প্রায় 54,000 কর্মসংস্থান এবং ইতিরিক্ত রাজ্যের GDP বাবদ 2.8 বিলিয়ন মার্কিন ডলার সমর্থন করে।

এই বিনোদন এলাকাগুলোর যেকোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram এবং Twitter এ।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন